

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.১১.০৩২.২৪.৩৭৪


তারিখ: ০১ অক্টোবর, ২৪

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত কাউখালী, পিরোজপুর উপজেলায় আপনি সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা পদে বিগত ২৪/০৭/২০২৪ তারিখ যোগদান করেন। সফটওয়্যারে কার্যক্রম পর্যালোচনা করে দেখা যায় আপনার যোগদানের পর হতে অদ্যাবধি উক্ত উপজেলায় মাত্র ০৩টি সমিতি গঠন ও ৩৫.৫০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। এছাড়া উক্ত উপজেলায় কিস্তি খেলাপীর পরিমাণ অস্বাভাবিকভাবে বৃদ্ধি পাচ্ছে ও কিস্তি আদায়ের হার মাত্র ৪৮%। তাছাড়া মোবাইল ট্র্যাকিং এর মাধ্যমে জানা যায় আপনি কর্মস্থলে সার্বক্ষণিক অবস্থান করেন না এবং সমিতি পর্যায়ে নিয়মিতভাবে গমন করেন না। আপনি আপনার দায়িত্ব পালনে উদাসীন হওয়ায় উক্ত উপজেলার সার্বিক কার্যক্রম দ্রুত গতিতে অবনতি হচ্ছে।

২। উল্লেখ্য, বিতরণকৃত ঋণের বিপরীতে আদায়কৃত সেবামূল্য হতে বেতনভাতা প্রাপ্তি নিশ্চিতকরণের সক্ষমতা অর্জনের সুযোগ হিসেবে আপনাকে কর্মসূচি দপ্তর কর্তৃক শতভাগ বেতনভাতা সহায়তা প্রদান করা হচ্ছে। তদুপরি আপনার কার্যক্রম মূল্যায়ন করে প্রতীয়মান হয় আপনি আপনার উপর অর্পিত সরকারী দায়িত্ব পালনে উদাসীন।

এমতাবস্থায়, সার্বক্ষণিক কর্মস্থলে অবস্থান করে কার্যক্রম তদারকি না করা ও নিয়মিতভাবে সমিতিতে গমন না করায় প্রকল্প কার্যক্রম বাস্তবায়নে আপনার দায়িত্ব যথাযথভাবে পালনে উদাসীনতা, অক্ষমতা, অদক্ষতা ও অযোগ্যতা বিবেচনায় কেন আপনাকে কর্মসূচি'র চুক্তি ভিত্তিক নিয়োগ পত্রের ৬ নং শর্ত মোতাবেক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হবে না তার সন্তোষজনক জবাব আগামী ১০/১০/২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে কর্মসূচি পরিচালক বরাবরে প্রেরণ করার জন্য বলা হলো।


মো: আবদুস সব্বুর
উপ প্রকল্প পরিচালক
ফোন: ০২-৪১০১০৩৪৩

জনাব মারিয়া রহমান
সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো,
বিআরডিবি, কাউখালী, পিরোজপুর

সদয় অবগতি ও কার্যার্থে:

১. কর্মসূচি পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলা: পিরোজপুর।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, কাউখালী, পিরোজপুর।
৫. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক সরেজমিন মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস নথি।